গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০২.২০.৯০

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৮
২৮ জুলাই ২০২১

বিষয়: **ডেঙ্গুর বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) অতিমারীর মধ্যে সম্প্রতি ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ দেখা দিয়েছে। বহু মানুষ এতে আক্রান্ত হয়েছেন এবং হচ্ছেন। বিশেষজ্ঞদের ধারণা, সতর্কতা অবলম্বন করলে এ রোগ হতে নিস্তার পাওয়া সম্ভব। ডেঙ্গু প্রতিরোধের জন্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহ সকল প্রচেষ্টা অব্যাহত রেখেছে। ডেঙ্গু এডিশ মশা বাহিত একটি রোগ। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের খেলার মাঠ এবং ভবনসমূহের মাঝে পানি জমে থাকে এমন জায়গা , ফুলের টবে জমে থাকা পানি ইত্যাদি এডিশ মশার উপযুক্ত প্রজনন কেন্দ্র। ডেঙ্গুর বিস্তার রোধে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কার্যকর ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে ডেঙ্গু প্রতিরোধে এ অধিদপ্তরের আওতাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. খেলার মাঠ/আশেপাশের খোলা জায়গা ও ভবনসমূহ নিয়মিত পরিষ্কার রাখতে হবে;
০২. দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ ও ভবনের জমে থাকা পানি দ্রুত সরিয়ে ফেলতে হবে। এছাড়া, ফুলের টব, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, বাথরুমের পানির বদনা, পানির বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি জায়গা চিহ্নিত করে ১ (এক) দিন অন্তর অন্তর পরিস্কার করতে হবে;
০৩. বাথরুমের বদনা এবং বালতি পানি শূন্য করে উল্টিয়ে রাখতে হবে। হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে। বাথরুমের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে

২৮-৭-২০২১
মোঃ রুহুল মমিন
উপপরিচালক

বিতরণ :
১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/পরিচালক,এইচএসটিটিআই, সকল
২) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল)
৩) উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৪) জেলা শিক্ষা অফিসার, সকল
৫) প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (সকল)
৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০২.২০.৯০/১(৬)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৮
২৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৬) সংরক্ষণ নথি

২৮-৭-২০২১
মোঃ রুহুল মমিন
উপপরিচালক

# ডেঙ্গু ও চিকুনগুনিয়ায় আক্রান্ত হলে করণীয়



## কখন হাসপাতালে ভর্তি হবেন?

**নিম্নোক্ত যে কোন একটি বিপদ চিহ্ন থাকলে –**

- প্রচণ্ড পেট ব্যথা ও অত্যধিক পানি পিপাসা থাকলে
- ঘন ঘন বমি বা বমি বন্ধ না হলে
- রক্তবমি বা কালো পায়খানা হলে
- দাঁতের মাড়ি বা নাক থেকে রক্তপাত হলে
- ৬ ঘণ্টার বেশি সময় ধরে প্রস্রাব না হলে
- প্রচণ্ড শ্বাসকষ্ট হলে
- ডায়রিয়া হলে ও অত্যধিক শারীরিক দুর্বলতা অনুভব করলে
- গর্ভবতী মা, নবজাতক শিশু, বয়স্ক রোগী, ডায়াবেটিস ও কিডনী রোগ থাকলে
- শরীরের তাপমাত্রা অস্বাভাবিক কমে গেলে (শরীর অস্বাভাবিক ঠান্ডা হয়ে গেলে)



## কখন এবং কিভাবে বাড়িতে চিকিৎসা নিবেন?

**রোগীর কোন বিপদ চিহ্ন না থাকলে –**

- মুখে পর্যাপ্ত তরল খাবার খেতে পারলে
- প্রতি ৬ ঘণ্টায় অন্ততঃ ১ বার প্রস্রাব হলে
- বাড়িতে করণীয়:
  - এ সময় পূর্ণ বিশ্রামে থাকুন।
  - স্বাভাবিক খাবারের সাথে পর্যাপ্ত পরিমানে লবন যুক্ত তরল খাবার যেমনঃ খাবার স্যালাইন, ডাবের পানি, ফলের রস, স্যুপ ইত্যাদি খেতে থাকুন।
  - ডেঙ্গু জ্বরে প্যারাসিটামল ব্যতীত অন্য কোন ব্যথার ওষুধ সেবন করবেন না। (পূর্ণবয়স্কদের: জ্বর/ব্যথাজনিত কারনে সর্বোচ্চ দৈনিক ৩ গ্রাম বা ৫০০ মি.গ্রা. এর ৬ টি ট্যাবলেট; বাচ্চাদের : চিকিৎসকের পরামর্শ অনুযায়ী)
  - জ্বর কমাতে কুসুম গরম পানি দিয়ে সারা শরীর মুছে ফেলুন।

- ফুলের টব সহ বাসার ভিতরে ও চারপাশে জমে থাকা পানি অবশ্যই ৩ দিনের মধ্যে ফেলে দিন এবং ৩ দিনের বেশি সময়ের জন্য বাড়ির বাইরে গেলে কমোড ও প্যান ঢেকে রাখুন, পানির পাত্র উল্টিয়ে রাখুন
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন
- মশার কামড় থেকে বাঁচতে ছোট বড় সকলে শরীর ঢেকে রাখে এমন কাপড় পরিধান করুন
- বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে জ্বর থাকলে কোভিড-১৯ টেস্ট-এর পাশাপাশি ডেঙ্গু জ্বরের পরীক্ষা (NS1 টেস্ট) করান
- ডেঙ্গু জ্বরের পরীক্ষার জন্য দেশের সকল জেলার সিভিল সার্জন বরাবর NS1 কীট সরবরাহ করা হয়েছে। তাই জ্বরের রোগী হাসপাতালে আসলেই চিকিৎসকের পরামর্শমত তাকে NS1 পরীক্ষা করান এবং কোন রোগীর ডেঙ্গু সনাক্ত হলে সেই তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম-এ পাঠান
- জ্বরের পরীক্ষা ও চিকিৎসার আগে **অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন** ও প্রয়োজনে হটলাইন **১৬২৬৩**-তে ফোন করুন
- ডেঙ্গু সংক্রান্ত যে কোন তথ্যের জন্য **প্রয়োজনে যোগাযোগ করুন- ফোন : ০২-২২২২৮৫৭৪৪, ই-মেইল:** mpdc_dghs@yahoo.com


DGHS.MOH&FW BANGLADESH

**জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।**

# ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে এডিস মশার আবাসস্থল বিনষ্টকরণ সংক্রান্ত বার্তা


**তিন দিনে এক দিন**
**জমে থাকা পানি ফেলে দিন**

### এডিস মশার আবাসস্থল ধ্বংসে করণীয়

আপনার ঘরে এবং আশেপাশে যেকোন জায়গায় জমে থাকা পানি তিন দিনের মধ্যে অপসারণ করুন এবং পাত্রের গায়ে লেগে থাকা মশার ডিম অপসারণে পাত্রটি ঘষে ঘষে পরিষ্কার করুন এবং উল্টিয়ে রাখুন।




নির্মানাধীন ভবনের লিফটের গর্ত, মেঝে, চৌবাচ্চা ইত্যাদি স্থানে পানি জমতে দিবেন না এবং পানি জমে থাকলে কীটনাশক (লার্ভিসাইড) ছিটানোর ব্যবস্থা করুন।





বাড়ি, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের ছাদ এবং আশেপাশে জমে থাকা বৃষ্টির পানি প্রতি তিন দিন পর পর অবশ্যই অপসারণ করুন।





- ফুলের টব সহ বাসার ভিতরে ও চারপাশে জমে থাকা পানি অবশ্যই ৩ দিনের মধ্যে ফেলে দিন এবং ৩ দিনের বেশি সময়ের জন্য বাড়ির বাইরে গেলে কমোড ও প্যান ঢেকে রাখুন, পানির পাত্র উল্টিয়ে রাখুন
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন
- মশার কামড় থেকে বাঁচতে ছোট বড় সকলে শরীর ঢেকে রাখে এমন কাপড় পরিধান করুন
- বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে জ্বর থাকলে কোভিড-১৯ টেস্ট-এর পাশাপাশি ডেঙ্গু জ্বরের পরীক্ষা (NS1 টেস্ট) করুন
- ডেঙ্গু জ্বরের পরীক্ষার জন্য দেশের সকল জেলার সিভিল সার্জন বরাবর NS1 কীট সরবরাহ করা হয়েছে। তাই জ্বরের রোগী হাসপাতালে আসলেই চিকিৎসকের পরামর্শমত তাকে NS1 পরীক্ষা করান এবং কোন রোগীর ডেঙ্গু সনাক্ত হলে সেই তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম-এ পাঠান
- জ্বরের পরীক্ষা ও চিকিৎসার আগে **অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন** ও প্রয়োজনে হটলাইন **১৬২৬৩**-তে ফোন করুন

ডেঙ্গু সংক্রান্ত যে কোন তথ্যের জন্য **প্রয়োজনে যোগাযোগ করুন- ফোন : ০২-২২২২৮৫৭৪৪, ই-মেইল:** mpdc_dghs@yahoo.com

**জনস্বার্থেঃ**
**জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,**
**রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।**

DGHS.MOH&FW BANGLADESH

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক স্বাস্থ্য বার্তা

**এডিস মশার প্রজননস্থল ধ্বংস করি**
**ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ করি**

### ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে করণীয়:

- অফিসে / বাড়িতে রাখা ফুলের টব, চারপাশে পড়ে থাকা পাত্র, পরিত্যক্ত টায়ার, ডাবের খোসা, চিপস্ এর খালি প্যাকেট, পলিথিন, পরিত্যক্ত ফুড কন্টেইনার ইত্যাদিতে পানি জমে থাকতে দেবেন না
- নির্মাণাধীন ভবনের মেঝে, লিফটের গর্ত, ওয়াটার মিটারের গর্ত ও স্থাপনাগুলোতেও পানি জমে থাকতে দেবেন না
- যেকোন পাত্রে জমে থাকা পানি অবশ্যই ৩ (তিন) দিনের মধ্যে পরিবর্তন করুন



### ডেঙ্গু ও চিকুনগুনিয়ার সম্ভাব্য লক্ষণঃ

- হঠাৎ তীব্র জ্বর এবং এর সাথে নিচের যেকোন দুটি লক্ষণ-
  মাথা ব্যথা, চোখের পিছনে ব্যথা, মাংস পেশীতে / শরীরে ব্যথা, গিরায় গিরায় ব্যথা (চিকুনগুনিয়ার ক্ষেত্রে), খাবারে অরুচি, বমি বমি ভাব/বমি, পেটে ব্যথা, পাতলা পায়খানা, শরীরে লালচে দানা, গলা ব্যথা, নাক, মুখ বা মাড়ি দিয়ে রক্ত পড়া এবং সর্দি-কাশি (বাচ্চাদের ক্ষেত্রে)



### ডেঙ্গু ও চিকুনগুনিয়া হলে বাড়িতে চিকিৎসা সংক্রান্ত বার্তাঃ

- পর্যাপ্ত বিশ্রাম নিবেন। (জ্বর চলাকালীন এবং জ্বরের পর এক সপ্তাহ)
- স্বাভাবিক খাবারের পাশাপাশি তরল জাতীয় খাবার যেমন- খাবার স্যালাইন, ডাবের পানি, স্যুপ, বাসায় তৈরি ফলের রস, ভাতের মাড় ইত্যাদি খাবেন
- জ্বরে প্যারাসিটামল ব্যতীত অন্য কোন ঔষধ খাবেন না
- দিনে ও রাতে ঘুমানো কিংবা বিশ্রামের সময় মশারি ব্যবহার করবেন
- আপনার নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র/চিকিৎসকের পরামর্শ নিবেন



- ফুলের টব সহ বাসার ভিতরে ও চারপাশে জমে থাকা পানি অবশ্যই ৩ দিনের মধ্যে ফেলে দিন এবং ৩ দিনের বেশি সময়ের জন্য বাড়ির বাইরে গেলে কমোড ও প্যান ঢেকে রাখুন, পানির পাত্র উল্টিয়ে রাখুন
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন
- মশার কামড় থেকে বাঁচতে ছোট বড় সকলে শরীর ঢেকে রাখে এমন কাপড় পরিধান করুন
- বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে জ্বর থাকলে কোভিড-১৯ টেস্ট-এর পাশাপাশি ডেঙ্গু জ্বরের পরীক্ষা (NS1 টেস্ট) করুন
- ডেঙ্গু জ্বরের পরীক্ষার জন্য দেশের সকল জেলার সিভিল সার্জন বরাবর NS1 কীট সরবরাহ করা হয়েছে। তাই জ্বরের রোগী হাসপাতালে আসলেই চিকিৎসকের পরামর্শমত তাকে NS1পরীক্ষা করান এবং কোন রোগীর ডেঙ্গু সনাক্ত হলে সেই তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম-এ পাঠান
- জ্বরের পরীক্ষা ও চিকিৎসার আগে **অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন** ও প্রয়োজনে হটলাইন **১৬২৬৩**-তে ফোন করুন

ডেঙ্গু সংক্রান্ত যে কোন তথ্যের জন্য **প্রয়োজনে যোগাযোগ করুন- ফোন : ০২-২২২২৮৫৭৪৪, ই-মেইল: mpdc_dghs@yahoo.com**

**জনস্বার্থেঃ**
**জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়